



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ  
(ভোকেশনাল শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩৩.৩৩২.২৩-০৭

তারিখ: ১৫/০৩/২০২৩ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

**বিষয়ঃ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের শিক্ষকগণের হালনাগাদ তথ্য অনলাইনে প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম ও দশম শ্রেণির পাঠদানকারী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (TSC), টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট (TVI), এমপিওভুক্ত (MPO) ও নন-এমপিও (Non-MPO) সকল শিক্ষকগণের হালনাগাদ তথ্য বোর্ডের ওয়েবসাইট ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) এর ইন্সটিটিউট কর্ণার হতে লগইন করে শিক্ষক তালিকা (Teacher's List) অপশন এ প্রদত্ত ছক মোতাবেক আগামী ১৯/০৩/২০২৩ খ্রিঃ হতে ০৫/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে প্রদান করতে হবে। এক্ষেত্রে শুধুমাত্র কারিগরি শাখায় নিয়োগপ্রাপ্ত ট্রেড/সাধারণ বিষয়ের শিক্ষকগণ (প্রতিষ্ঠান প্রধানসহ) নবম ও দশম শ্রেণিতে পাঠদানকারী কেবলমাত্র একটি বিষয়ের বিপরীতে তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উক্ত তালিকা/তথ্য ব্যতিত কোন উত্তরপত্রের পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষক নিয়োগ করা হবেনা। প্রতিষ্ঠান প্রধানকে অবশ্যই সঠিক ও নির্ভুল তথ্য প্রেরণ করতে হবে এবং কোন রকম তথ্য বিভ্রাট হলে প্রতিষ্ঠান প্রধানকে দায়ভার বহন করতে হবে।

পরবর্তীতে এ সংক্রান্ত কোন ম্যানুয়াল আবেদন গ্রহণ করা হবেনা।

**বিষয়টি অতীব জরুরী।**


স্বাক্ষরিত  
(মোঃ কেপায়েত উল্লাহ)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩৩.৩৩২.২৩-০৭(১৫)

তারিখ: ১৫/০৩/২০২৩ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১) সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ৩) মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
- ৪) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৫) পরিচালক, (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ৬-৯। সচিব/পরিচালক/পরিদর্শক/পরিচালক (শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ১১। উপপরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
- ১৫। সংশ্লিষ্ট নথি।

  
(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)  
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)  
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।